# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
https:// hau.ac.bd
prp@hau.ac.bd


তারিখঃ ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

## শোক বার্তা

ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

বাংলাদেশের প্রথিতযশা রাজনীতিবিদ, সাবেক তিনবারের প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মাননীয় চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ইন্তেকালে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় পরিবার গভীরভাবে শোকাহত।

জাতীয় রাজনীতির পরিসরে তিনি ছিলেন এক অতুলনীয় সংগ্রামী নেতৃত্বের প্রতীক। বহুবিচিত্র বৈরী বাস্তবতার মুখোমুখি দাঁড়িয়ে তিনি যে সুদীর্ঘ রাজনৈতিক পরিক্রমা সম্পন্ন করেছেন, তা ছিলো দেশ ও গণতন্ত্রের ইতিহাসে এক দুর্লভ দৃষ্টান্ত। বাঙালি নারীর রাজনৈতিক ক্ষমতায়নের যাত্রায় তিনি এক উজ্জ্বল আলোকবর্তিকা। তাঁর প্রশাসনিক প্রজ্ঞা, কৌশলী রাষ্ট্রনায়কসুলভ দূরদর্শিতা ও অবিচল সাংগঠনিক দক্ষতা তাঁকে বাংলাদেশের ইতিহাসে এক অনন্য উচ্চতায় আসীন করেছে। রাষ্ট্র পরিচালনায় তাঁর অবদান বিশেষত কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে স্মরণীয় ও সময়োচিত। তিনি ছিলেন জাতীয় চেতনা, সার্বভৌমত্ব ও গণতান্ত্রিক মূল্যবোধের একজন আপসহীন ধারক। তাঁর মৃত্যু নিঃসন্দেহে জাতির জন্য এক গভীর শূণ্যতা সৃষ্টি করবে এবং ইতিহাসের এক গুরুত্বপূর্ণ ও বেদনাবিধুর অধ্যায় হিসেবে পরিগণিত হবে।

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য এবং শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাঁর মহাপ্রয়াণে গভীর শোক ও বিনম্র শ্রদ্ধা প্রকাশ করছেন। একইসাথে তাঁর রুহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবার ও শুভানুধ্যায়ীদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হচ্ছে।

Badrul
৩০/১২/২০২৫

মোঃ বদরুল আমিন
সহকারী পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ-৩৩০০